# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-২৩০৪১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ভূমিকম্প সংশ্লিষ্টতায় শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের করণীয় বিষয়ক দিক নির্দেশনা।**

সূত্র: i) থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় স্মারক নং: থামাশিঅ/রমনা/ঢা/২০২৫/৩১১, তারিখ: ২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ
ii) মাউশি স্মারক নং: ৩৭.০০.০০০০.০০০.০৬৫.১৬.০০৫৯.১৬.২৭৪, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

দেশের কয়েকটি জেলায় সাম্প্রতিক সময়ে সংঘটিত ভূমিকম্পের প্রেক্ষাপটে সূত্রে বর্ণিত পত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য নিম্নেবর্ণিত সতর্কতামূলক নির্দেশনা প্রদান করা হলো:

**(ক) শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

- ভূমিকম্পের সময় শান্ত থাকা এবং আতঙ্কগ্রস্ত না হওয়া।
- ভবনের অভ্যন্তরে থাকলে টেবিল বা ডেস্কের নিচে আশ্রয় নেয়া। ভবনের বাইরে থাকলে খোলা জায়গায় চলে যাওয়া, যেখানে কোনো ভবন বা গাছপালা নেই।
- ভূমিকম্পের সময় লিফ্‌ট ব্যবহার থেকে সম্পূর্ণ বিরত থাকা।
- ভূমিকম্পের পরে বাইরে যাওয়ার সময় সতর্ক থাকা, কারণ ভবন বা দেয়াল ধসে পড়তে পারে।
- ভূমিকম্পের পরে প্রয়োজনীয় জিনিসপত্র যেমন পানি, খাদ্য, ফার্স্ট-এইড কিট ইত্যাদি সংগ্রহ করা।
- কলাম দেয়া পাকা ঘরে কলামের সঙ্গে গোড়ায় আশ্রয় নেয়া।
- উপর তলায় থাকলে কম্পন বা ঝাঁকুনি পর্যন্ত অপেক্ষা করুন। লাফ দিয়ে নামার চেষ্টা না করা।
- কম্পন বা ঝাঁকুনি থামলে সিঁড়ি দিয়ে দ্রুত বেরিয়ে পড়া।
- দ্রুত বৈদ্যুতিক ও গ্যাস সুইচ বন্ধ করা ও আগুন নেভানো।

**(খ) শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ও অন্যান্য স্থাপনার ক্ষেত্রে করণীয়:**

- বিদ্যালয়ের ভবনগুলো নিয়মিত পরিদর্শন করা এবং ঝুঁকিপূর্ণ ভবনগুলো চিহ্নিত করা।
- কোনো ঝুঁকিপূর্ণ ভবন থাকলে তা সংস্কার করা।
- কোনো ঝুঁকিপূর্ণ ভবন থাকলে সেগুলোতে সতর্কতা চিহ্ন যুক্ত করা।
- কোনো ঝুঁকিপূর্ণ ভবন থাকলে সেখানে ক্লাস গ্রহণ না করে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা; যেমন- অস্থায়ী ক্লাসরুম বা অনলাইন ক্লাস চালু করা।

২৯/১১/২০২৫

মুহাম্মদ আরিফুর রহমান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়